

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date : 22-08-2025
Time: 07.35-07.40 AM Hrs
BENGALI MORNING BULLETIN**

PM TO VISIT BIHAR& WB :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ বিহার এবং পশ্চিমবঙ্গ সফর করবেন। এই সফরে, প্রধানমন্ত্রী বিহারের গয়াতে প্রায় ১৩ হাজার কোটি টাকার একাধিক উন্নয়ন প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন এবং উদ্বোধন করবেন। পশ্চিমবঙ্গ সফরকালে, শ্রী মোদী ৫,২০০ কোটি টাকারও বেশি মূল্যের একাধিক উন্নয়ন প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন এবং উদ্বোধন করবেন। তিনি কলকাতায় একাধিক নতুন মেট্রো ট্রেন পরিষেবারও উদ্বোধন করবেন।

North East NSS Festival :

আগামীকাল থেকে ২৭শে আগস্ট পর্যন্ত আগরতলায় অনুষ্ঠিত হতে চলেছে উত্তর-পূর্ব এনএসএস উৎসব ২০২৫। পাঁচ দিন ব্যাপী এই উৎসবে অংশগ্রহণ করবেন উত্তর-পূর্ব ভারতের ৮টি রাজ্যের তিন শতাধিক এনএসএস স্বেচ্ছাসেবী। আগরতলা নজরুল কলাক্ষেত্রে আগামীকাল এই উৎসবের উদ্বোধন করবেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা।

Online Gaming Bill :

সংসদে অনলাইন গেমিং প্রচার ও নিয়ন্ত্রণ বিল, ২০২৫ পাস হয়েছে, গতকাল রাজ্যসভায় বিলটি অনুমোদন পেয়েছে। এই বিল ই-স্পোর্টস এবং অনলাইন সোশ্যাল গেমগুলিকে উৎসাহিত করা এবং একইসাথে ক্ষতিকারক অনলাইন মানি গেমিং পরিষেবা, বিজ্ঞাপন এবং আর্থিক লেনদেন নিষিদ্ধ করে। বিলের উদ্দেশ্য হল - যুবসমাজ এবং দুর্বল জনগোষ্ঠী সহ সাধারণ মানুষকে এই ধরনের গেমের প্রতিকূল সামাজিক, অর্থনৈতিক, মানসিক এবং গোপনীয়তা সম্পর্কিত প্রভাব থেকে রক্ষা করা। বিলটিতে অনলাইন মানি গেম অফার, পরিচালনা বা সহায়তা প্রদানের উপর সম্পূর্ণ নিষেধাজ্ঞার বিধান রয়েছে।

#####Byte- Ashwini Vaishnaw#####

MANSOON SESSION :

লোকসভা এবং রাজ্যসভা অনির্দিষ্টকালের জন্য স্থগিত করা হয়েছে। একই সঙ্গে, গত মাসের ২১ তারিখে শুরু হওয়া সংসদের বর্ষাকালীন অধিবেশন শেষ হয়েছে। গতকাল নয়াদিল্লিতে অধিবেশন শেষ হওয়ার পর কেন্দ্রীয় সংসদ বিষয়ক মন্ত্রী কিরেন রিজিজু বলেছেন, সংসদের বর্ষাকালীন অধিবেশন দেশ এবং সরকারের জন্য অত্যন্ত ফলপ্রসূ ছিল। অধিবেশনে লোকসভার সৃজনশীলতা ছিল ৩১ শতাংশ এবং রাজ্যসভায় ছিল ৩৯ শতাংশ। অধিবেশন

চলাকালীন সব মিলিয়ে সংসদে মোট ১৫টি বিল পাস হয়েছে বলে কেন্দ্রীয় সংসদ বিষয়ক মন্ত্রী জানিয়েছেন ।

Governor Visit-South :

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু গতকাল বিলোনিয়া মহকুমার বিভিন্ন গ্রাম সফর করে কেন্দ্রীয় সরকারের বিভিন্ন প্রকল্পের মাধ্যমে গ্রামীণ এলাকার জনগণ কিভাবে উপকৃত হচ্ছে সে বিষয়ে বিস্তারিত খোঁজ খবর নেন।

দক্ষিণ জেলা সফরে রাজ্যপাল বিলোনিয়া সার্কিট হাউসের দক্ষিণ জেলা প্রশাসন ও আরক্ষা প্রশাসনের উচ্চ পদস্থ আধিকারিকদের সঙ্গে বৈঠক করেন। আজ সাত্ত্বম মহকুমার তৈকুম্ভা এডিসি ভিলেজ ও সীমান্ত গ্রাম পশ্চিম সাত্ত্বম ভিলেজে পরিদর্শনে যাবার কর্মসূচি রয়েছে রাজ্যপালের ।

Ratan Lal Nath Meeting :

এ.আর.সি পদ্ধতিতে আলু চাষ সম্প্রসারণ, জৈবিক আলু উৎপাদন, কাঞ্চনপুর এলাকায় ক্ষতিগ্রস্ত সুপারি চাষিদের সরকারি সাহায্য বা অনুদান সংক্রান্ত বিভিন্ন বিষয় নিয়ে আজ আগরতলার নাগিছড়ার রাজ্য উদ্যান গবেষণা কেন্দ্রে উচ্চ পর্যায়ের এক বৈঠক অনুষ্ঠিত হবে। পৌরহিত্য করবেন কৃষিমন্ত্রী রতন লাল নাথ ।

Kala Utsav :

কেন্দ্রীয় বিদ্যালয় সংগঠন শিলচর রিজিওনের উদ্যোগে আগরতলায় কুঞ্জবনের কেন্দ্রীয় বিদ্যালয়ে গতকাল ত্রিপুরার দশটি কেন্দ্রীয় বিদ্যালয় এর ছাত্র-ছাত্রীদের নিয়ে কলা উৎসব অনুষ্ঠিত হয়েছে। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সংগীত নাটক একাডেমির ত্রিপুরার প্রজেক্ট ডাইরেক্টর সর্বানি নন্দী। এই দিনের এই কলা উৎসবে ত্রিপুরার দশটি কেন্দ্রীয় বিদ্যালয় থেকে ১২০ জন ছাত্রছাত্রী অংশগ্রহণ করেন। ভারতীয় সংস্কৃতির বিভিন্ন দিক নৃত্যকলার মাধ্যমে তুলে ধরা হয়।

TB Mukta Bharat :

জাতীয় স্বাস্থ্য মিশনের প্রকল্পে টিভি মুক্ত ভারত গড়ার অভিযানের অঙ্গ হিসাবে পূর্ব গনকী গ্রামের উপস্বাস্থ্য কেন্দ্র গতকাল একটি স্বাস্থ্য শিবিরের আয়োজন করা হয়। এই শিবিরে গ্রামবাসীদের ডিজিটাল এক্সরে সহ বিভিন্ন ধরনের রক্ত পরীক্ষা করা হয়।

FIRST DIVISION :

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত চন্দ্র স্মৃতি ঘরোয়া প্রথম ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতার গতরাতের খেলায় এগিয়ে চলো সংঘ জয়লাভ করেছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে অনুষ্ঠিত খেলায় এগিয়ে চলো সংঘ ২-০ গোলে লালবাহাদুর ব্যায়ামাগারকে হারিয়ে দেয়।

Weather :

আজ আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। বিক্ষিপ্তভাবে কয়েক পশলা বজ্র বিদ্যুত সহ হালকা থেকে মাঝারি বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩০ ডিগ্রি থেকে ২৫ ডিগ্রী সেলসিয়াসের মধ্যে থাকতে পারে। ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৫ দশমিক ৮ ডিগ্রি সেলসিয়াস।
